গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫
www.niport.gov.bd

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির আগস্ট ২০২০ মাসের সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব সুশান্ত কুমার সাহা, মহাপরিচালক ও অতিরিক্ত সচিব, নিপোর্ট, ঢাকা।
সভার স্থান : নিপোর্টের সভাকক্ষ
সভার তারিখ ও সময় : ২৫.০৮.২০২০ খ্রি., বেলা ২:৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দ:

১. জনাব নিমাই চন্দ্র পাল, পরিচালক (প্রশাসন) ও অতিরিক্ত সচিব, নিপোর্ট, ঢাকা।
২. জনাব মতিয়ার রহমান, পরিচালক (প্রশিক্ষণ) ও অতিরিক্ত সচিব, নিপোর্ট, ঢাকা।
৩. জনাব মো. রফিকুল ইসলাম সরকার, পরিচালক (গবেষণা) ও যুগ্মসচিব, নিপোর্ট, ঢাকা।
৪. জনাব মো. মিজানুর রহমান উপপরিচালক (প্রশাসন) ও উপসচিব, নিপোর্ট, ঢাকা।
৫. জনাব মো. আব্দুল হামিদ মোড়ল, উপপরিচালক (প্রশিক্ষণ) নিপোর্ট, ঢাকা।
৬. জনাব মোহাম্মদ আহছানুল আলম, মূল্যায়ন বিশেষজ্ঞ, নিপোর্ট, ঢাকা।
৭. জনাব মোহা. মাহফুজুর রহমান, সহকারী পরিচালক (প্রশিক্ষক), নিপোর্ট।

(ক) আলোচনা:

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য-সচিব জনাব নিমাই চন্দ্র পাল গত ১৩.০৭.২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। উক্ত কার্যবিবরণীতে কোনরুপ সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন বাস্তবায়ন অগ্রগতির বিভিন্ন দিকসমূহ ও মন্ত্রণালয়ের গত ২৮.০৭.২০২০ খ্রি. তারিখের নৈতিকতা কমিটির প্রথম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থা | নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভার আয়োজনসহ গৃহিত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। সকল ইউনিট থেকে উত্তম চর্চার তালিকা সংগ্রহ করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | করোনাকালে স্বাস্থবিধি মেনে নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভার আয়োজনসহ গৃহিত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। ৩০.০৯.২০২০ খ্রি. তারিখের মধ্যে উত্তম চর্চার তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে । | **পরিচালক (প্রশাসন)** |
| ২ | দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | অংশীজনদের নিয়ে সভাসহ সচেতনতামূলক প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণের আয়োজনের ব্যবস্থা রাখা হয়েছে বলে সভায় জানানো হয় । | শুদ্ধাচার বিষয়ে নিপোর্টের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। উপপরিচালক (প্রশাসন)সকল সহায়তা প্রদান করবেন। | **পরিচালক (প্রশিক্ষণ) ও উপপরিচালক (প্রশাসন)** |
| ৩ | নিপোর্টের ২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুমোদন এবং ২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিভিন্ন দিকসমূহের মূল্যায়ন সংক্রান্ত আলোচনা। | নিপোর্টের ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার অনুমোদিত কর্মপরিকল্পনাটি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে বলে সভায় জানানো হয় এবং ২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিভিন্ন দিকসমূহের মূল্যায়ন সংক্রান্ত আলোচনা করা হয়। | নিপোর্টের ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ভূতাপেক্ষ অনুমোদন করা হলো। প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুলিপি প্রেরণ করতে হবে। | **পরিচালক (প্রশাসন)** |

Drive:Eনৈতিকতা(এনআইএস)কার্যবিবরণী

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | অফিসিয়াল ই-মেইল এড্রেস ব্যবহার। | নিপোর্ট এর সকল কর্মকর্তাকে অফিসিয়াল ই-মেইল এড্রেস দেয়া হয়েছে। এখন থেকে সকল দাপ্তরিক যোগাযোগসহ পত্র যোগাযোগের ক্ষেত্রে নাম ও পদবির নিচে ই-মেইল এড্রেস ব্যবহারের অগ্রগতির বিষয়টি নিয়ে আলোচনা করা হয়। | ক) সকল কর্মকর্তাকে পত্রালাপের ক্ষেত্রে পদবির নিচে ই-মেইল ব্যবহার করতে হবে। এ ছাড়া সকল দাপ্তরিক কাজে অফিসিয়াল ই-মেইল এড্রেস ব্যবহার করতে হবে।<br>খ) নিপোর্টসহ সকল আরপিটিআই ও আরটিসি এর অফিসিয়াল পত্রে নাম ও পদবির নিচে অফিসিয়াল ই-মেইল এড্রেস ব্যবহার অব্যাহত থাকবে। | সকল কর্মকর্তা, নিপোর্ট/অধ্যক্ষ আরপিটিআই (সকল)/প্রশিক্ষণ কর্মকর্তা, আরটিসি (সকল) ও জনাব হিরো ধর, প্রশিক্ষক (নিপোর্ট) |
| ৫ | অফিসিয়াল ফেইসবুক পেইজ বিষয়ে আলোচনা | নিপোর্টের অফিসিয়াল ফেইসবুক পেইজ খোলার বিষয়ে আলোচনা হয়। পূর্বের সিদ্ধান্ত অনুযায়ী কেবিনেট ডিভিশন এর গাইড লাইন অনুযায়ী নিপোর্টের নিজস্ব অফিসিয়াল ফেইসবুক পেইজ খোলার বিষয়ে আলোচনা হয়। | কেবিনেট ডিভিশন এর গাইডলাইন অনুযায়ী আগামী ১০ কার্য দিবসের মধ্যে অফিসিয়াল ফেইসবুক পেইজ খুলতে হবে এবং হালনাগাদ করতে হবে। | জনাব হিরো ধর, প্রশিক্ষক (নিপোর্ট) |
| ৬ | গণশুনানি বিষয়ে আলোচনা | প্রতি সোমবার সকাল ১০.০০-১১.০০ ঘটিকা পর্যন্ত গনশুনানির জন্য ধার্য আছে। তবে গণশুনানির কোন বিষয় পাওয়া যায় নি। | গণশুনানির জন্য নোটিশ বোর্ডে ও ওয়েবসাইটে বার উল্লেখ করে বিজ্ঞপ্তি প্রকাশ অব্যাহত থাকবে। | মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী নিপোর্ট |
| ৭ | বকেয়া বিদ্যুৎ বিল, পানির বিল, পৌরকর বিষয়ে আলোচনা | সভাপতি এ বিষয়ে নিয়মিত মনিটরিং করার জন্য উপপরিচালক (প্রশাসন)কে অনুরোধ করেন। বর্তমানে কোন বকেয়া বিল নেই মর্মে সভায় জানানো হয়। | আরপিটিআই এবং আরটিসি এর বিদ্যুৎ, পানি, পৌরকর ইত্যাদির বকেয়া বিল নিয়মিত পরিশোধের বিষয়টি মনিটরিং করতে হবে। | উপপরিচালক (প্রশাসন) |
| ৮ | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান নির্বাচন | গত অর্থ বছরের শ্রেষ্ঠ প্রতিষ্ঠানসমূহ নির্বাচন করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। চলতি অর্থ বছরে সকল প্রতিষ্ঠান টার্গেট অনুযায়ী সঠিকভাবে কাজ করেছে কিনা তা মূল্যায়ন করা প্রয়োজন। এজন্য নিয়মিত সকল প্রতিষ্ঠানের কাজ মনিটরিং করতে হবে। তদানুযায়ী অর্থবছরের শেষে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান নির্বাচন করা হবে। | শ্রেষ্ঠ আর পি টি আই এবং আর টি সি নির্ধারণের জন্য দুটি গাইড লাইন প্রস্তুত করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ)/ উপরিচালক (প্রশিক্ষণ) |
| ৯ | শুদ্ধাচার বিষয়ে ওয়ার্কশপ আয়োজন | নিপোর্টসহ সকল আরপিটিআই ও আরটিসি'র সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী নিয়ে শুদ্ধাচার বিষয়ে ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | নিপোর্টসহ সকল আরপিটিআই ও আরটিসিকে নিয়ে শুদ্ধাচার বিষয়ে ওয়ার্কশপ আয়োজন করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ জনাব হিরো |
| ১০ | অনলাইনে তথ্য প্রদানকারী কর্মকর্তা প্রশিক্ষণ বিষয়ে আলোচনা। | সভাপতি বলেন, তথ্য প্রদানকারী কর্মকর্তাকে অনলাইনে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। উপপরিচালক (প্রশাসন) বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসেবে এই প্রশিক্ষণ গ্রহণ করবেন। | উপপরিচালক (প্রশাসন) জনাব মো.মিজানুর রহমান তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসাবে প্রশিক্ষণ গ্রহণ করবেন। এ বিষয়ে পত্রালাপ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ১১ | ই-টেন্ডার | নিপোর্টের বর্তমান অর্থ বছরে ক্রয় প্রক্রিয়া ইজিপির মাধ্যমে ৩০% ক্রয় প্রক্রিয়া করার বিষয়টি নিয়ে আলোচনা করা হয়। | ইজিপির মাধ্যমে বর্তমান অর্থ বছরে ৩০% ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | পরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | ওয়েব সাইটে সেবাবক্স হালনাগাদকরন | ওয়েব সাইটে সেবাবক্স হালনাগাদকরনের বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ওয়েব সাইটে সেবাবক্স হালনাগাদ কার্যক্রম চলমান রাখতে হবে। | জনাব হিরো ধর, প্রশিক্ষক (নিপোর্ট) |
| ১৩ | সোস্যাল মিডিয়ার ব্যবহার | সরকারি বিধিবিধান মেনে সাবধানে সোস্যাল মিডিয়ার ব্যবহারের বিষয়টি নিয়ে আলোচনা হয়। | সরকারি বিধিবিধান মেনে সাবধানে সোস্যাল মিডিয়ার ব্যবহার করতে হবে। | পরিচালক (প্রশাসন) |

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে করোনাকালে সতর্কতার সাথে স্বাস্থবিধি মেনে নিজ নিজ দায়িত্ব পালনের আহবান ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সুশান্ত কুমার সাহা)
মহাপরিচালক ও অতিরিক্ত সচিব
ফোন : ৯৬৬২৪৯৫
ই-মেইল: dg@niport.gov.bd

নং. ৫৯.১২.০০০০.০০১.০৬.০৮২.১৯-১৫০

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ / ০৯ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব,স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
২। পরিচালক (প্রশিক্ষণ/প্রশাসন/গবেষণা), নিপোর্ট (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৩। ..........................................................................সকল কর্মকর্তা, নিপোর্ট।
৪। অধ্যক্ষ, আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (সকল).......................................।
৫। প্রশিক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (সকল)............................................. ।
৩। মহাপরিচালক মহোদয়ের গোপনীয় সহকারী, (ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণ করবেন)।

০৯/৯/২০২০
(নিমাই চন্দ্র পাল)
অতিরিক্ত সচিব ও পরিচালক (প্রশাসন)
ফোন : ৯৬১২১৯৩
ই-মেইল: directoradmin.niport@gmail.com